

রাত ১১টায় মাননীয় উপাচার্য মহোদয়ের হাসপাতাল রাউন্ড মাননীয় উপাচার্য মহোদয়ের গুরুত্বপূর্ণ নির্দেশনা

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান ২৯ নভেম্বর ২০১৭, বুধবার রাত ১১টায় কেবিন ব্লকে রাউন্ড দেন। মাননীয় উপাচার্য এসময় কেবিন ব্লকে চিকিৎসাধীন বিভিন্ন রোগীর মাথায় হাত বুলিয়ে দেন ও রোগীদের চিকিৎসার খোঁজ-খবর নেন। পরে মাননীয় উপাচার্য মহোদয়, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী একেএম হাবিবুর রহমান, অতিরিক্ত পরিচালক ডা. নাজমুল করিম মানিক, সেবা তত্ত্বাবধায়ক সান্তনা রাণী দাসকে কেবিন ব্লকের চিকিৎসা কার্যক্রম আরো সুষ্ঠু ও সুন্দরভাবে যাতে পরিচালিত হয় সে বিষয়ে অত্যন্ত প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ নির্দেশনাসমূহ প্রদান করেন।

